গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর
কুড়িগ্রাম সদর,কুড়িগ্রাম।
www.fisheries.kurigramsadar.kurigram.gov.bd

২৩/০৮/২০২১ খ্রি: তারিখে অনুষ্ঠিত সিনিয়র উপজেলা মৎস্য দপ্তর, কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম এর অফিস কক্ষে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহনে অনুষ্ঠিত সভার কাযবিবরণী :

সভাপতি : ইসমত আরা
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম।
স্থান : সিনিয়র উপজেলা মৎস্য দপ্তর, কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম এর অফিস কক্ষ।

তারিখ ও সময় : ২৩/০৮/২০২১ খ্রি:; সকাল : ১০.০০ ঘটিকা

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর তার দপ্তরের ক্ষেত্র সহকারীকে সভার আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য বলেন। সভাপতির অনুমতিক্রমে ক্ষেত্র সহকারী আলোচ্য সূচী অনুযায়ী সভার কাযক্রম শুরু করেন।

সভায় উপস্থিত কর্মকর্তা ও অংশীজনের নামের তালিকা পরিশিষ্ট “ক” তে দেখানো হল।

আলোচনা : সভায় ক্ষেত্র সহকারী জানান যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো ২০২১-২০২২ এর কার্যক্রম ১.৩ অনুযায়ী মৎস্য অধিদপ্তরের অভ্যন্তরীন/দাপ্তরিক/নাগরিক সেবা গ্রহণকারী/প্রদানকারী যে কোন ব্যক্তি/প্রতিষ্ঠান (সরকারী/বেসরকারী), সুশীল সমাজের প্রতিনিধি (দপ্তর/সংস্থার কাজের সাথে সংশ্লিষ্ট) অংশীজন হিসেবে মতামত গ্রহণের জন্য ৪টি সভা আয়োজনের বিধান রয়েছে। সে আলোকে অদ্য ২৩/০৮/২০২১ খ্রি: তারিখ সকাল ১০.০ টায় ১ম ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত হয়। সভায় মৎস্য অধিদপ্তরের বিভিন্ন সেবা মূলক কাজের সাথে সংশ্লিষ্ট অংশীজনের সভায় আমন্ত্রণ জানানো হয়।
সভাপতি কোভিড পরিস্থিতিতে মৎস্য রেণু, পোনা, মৎস্য খাদ্য ও উৎপাদিত মৎস্য বাজারজাতকরণের সাথে সংশ্লিষ্ট উদ্যোক্তা ও অংশীজন কি কি সমস্যার সম্মুখীন হচ্ছেন এবং কি উপায়ে এ সমস্যার সমাধান করা যায় সে বিষয়ে সভায় উপস্থিত সম্মানিত প্রতিনিধিগণকে তাদের সুচিন্তিত মূল্যবান মতামত ও পরামর্শ প্রদান করতে আহবান জানান।

অংশীজনের সুপারিশ/মতামতের উপর বিস্তারিত আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়।

১) বর্তমান কোভিড পরিস্থিতিতে স্বাস্থ্যবিধি মেনে মৎস্য ও মৎস্যজাত দ্রব্য বাজারজাতকরণ ও বিপনণ কার্যক্রম সম্পন্ন করতে হবে।
২) করোনাকালীন সময়ে সেবা সহজীকরণের লক্ষে মোবাইল মার্কেটিং এর মাধ্যমে মৎস্য ও মৎস্যজাত দ্রব্য চাষির দোড়গোড়ায় পৌঁছানোর ব্যবস্থা করতে হবে।
৩) সংশ্লিষ্ট অ্যাপস ও অন্যান্য অনলাইন কাযক্রমের ভিডিও এর মাধ্যমে মৎস্য উদ্যোক্তাদের সেবা প্রদান নিশ্চিত করতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৩.০৮.২০২১
(ইসমত আরা)
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
কুড়িগ্রাম সদর,কুড়িগ্রাম